



ধর্ম যার যার, নিরাপত্তা সবার: সালাহউদ্দিন আহমদ



সংগৃহীত ছবি

কক্সবাজার-১ আসনের বিএনপির প্রার্থী সালাহউদ্দিন আহমদ বলেছেন, দেশে সব ধর্মের মানুষের সমান নিরাপত্তা ও স্বাধীনতা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। তিনি দাবি করেন, বিএনপি ক্ষমতায় থাকাকালে সংখ্যালঘুসহ সব সম্প্রদায়ের নিরাপত্তা বজায় ছিল এবং ভবিষ্যতেও তা নিশ্চিত করা হবে।

মঙ্গলবার (২৭ জানুয়ারি) চকরিয়া উপজেলার কাঁকা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এক পথসভায় তিনি এসব কথা বলেন। বক্তব্যে তিনি গণতন্ত্র শক্তিশালী করা, শহীদদের প্রত্যাশা পূরণ এবং উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে ধানের শীষে ভোট দেওয়ার আহ্বান জানান।

সালাহউদ্দিন আহমদ আরও বলেন, চকরিয়ায় কৃষি ও খাল উন্নয়ন কার্যক্রমে যুক্ত থাকায় তাকে কারাবরণ করতে হয়েছে, ফলে এলাকার উন্নয়ন ব্যাহত হয়েছে। তার মতে, দেশে বহু দল থাকলেও গণতন্ত্র ও স্বাধীনতা রক্ষায় বিএনপি অঙ্গীকারবদ্ধ।

প্রচারণার ষষ্ঠ দিনে তিনি কৈয়ারবিল ইউনিয়নের জলদাসপাড়া ও খোজাখালী খীলছাদ এলাকায় গণসংযোগ করেন এবং কয়েকটি পথসভায় বক্তব্য দেন। স্থানীয় নেতাকর্মীরা এ সময় উপস্থিত ছিলেন।